

■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৩৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস কোন কোন আলিম ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো আবু বাকরা রাদ্বিয়াল্লাহ আনন্দের হাদীসের বিপরীত

ذِكْرُ خَبَرٍ قَدْ يُوْهِمُ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّهُ مُضَادٌ لِّخَبَرِ أَبِي بَكْرَةَ الَّذِي ذَكَرْنَا هُنَّا

আরবী

2233 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدٍ قَالَ: حَدَّثَنَا أَبِي عَنْ صَالِحٍ عَنْ أَبْنِ شَهَابٍ قَالَ: حَدَّثَنِي أَبُو سَلَمَةَ أَنَّ أَبَا هُرَيْرَةَ قَالَ: خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَدْ أَقِيمَتِ الصَّلَاةُ وَعُدِلَتِ الصُّفُوفُ حَتَّى إِذَا قَامَ فِي مُصَلَّاهُ وَانْتَظَرْنَا أَنْ يُكَبِّرَ اِنْصَرَافَ وَقَالَ: (عَلَى مَكَانِكُمْ) وَدَخَلَ بَيْتَهُ وَمَكَثْنَا عَلَى هِيَئَتِنَا حَتَّى خَرَجَ إِلَيْنَا يَنْظِفُ رَأْسَهِ وَقَدْ اغْتَسَلَ

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات
الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2233 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))
(229): خ.

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ - : هَذَا فِعْلَانٌ فِي مَوْضِعَيْنِ مُتَبَايِنَيْنِ خَرَجَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّةً فَكَبَرَ ثُمَّ ذَكَرَ أَنَّهُ جُنْبٌ فَانْصَرَفَ فَاغْتَسَلَ ثُمَّ جَاءَ فَاسْتَأْنَفَ بِهِمُ الصَّلَاةَ وَجَاءَ مَرَّةً أُخْرَى فَلَمَّا وَقَفَ لِيُكَبِّرَ ذَكَرَ أَنَّهُ جُنْبٌ قَبْلَ أَنْ يُكَبِّرَ فَذَهَبَ فَاغْتَسَلَ ثُمَّ رَجَعَ فَأَقَامَ بِهِمُ الصَّلَاةَ مِنْ غَيْرِ أَنْ يَكُونَ بَيْنَ الْخَبَرَيْنِ تَضَادٌ وَلَا تَهَاوِرٌ.

বাংলা

২২৩৩. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহ আনন্দ থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার সালাতের ইকামত দেওয়া হয়, কাতারগুলো সোজা করা হয় এমনকি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মুসল্লায় দ্বায়মান হন, আর আমরা তাঁর তাকবীর বলার প্রতিক্ষা করছিলাম, এমন সময় তিনি চলে যান এবং আমাদেরকে বলেন, ‘আপনারা

আপনাদের জায়গায় থাকুন” তারপর তিনি নিজ গৃহে প্রবেশ করেন আর আমরা আপন অবস্থায় অবস্থান করি অতঃপর তিনি আমাদের কাছে আসেন এমন অবস্থায় তাঁর মাথা থেকে পানি ফোঁটায় ফোঁটায় পড়ছিল। বস্তুত তিনি গোসল করেছিলেন।”[1]

আবু হাতিম ইবনু হিব্রান রহিমাহল্লাহ বলেন, “এই দুটি কাজ আলাদা আলাদা জায়গায় সংঘটিত হয়েছে। একবার তিনি মাসজিদে বের হয়ে আসেন অতঃপর তাকবীর দেন তারপর তাঁর মনে হয় যে, তিনি জুনুবী অবস্থায় আছেন, ফলে তিনি চলে যান এবং গোসল করে আসেন তারপর নতুন করে তাদের নিয়ে সালাত আদায় করেন।

আরেকবার তিনি মাসজিদে আসেন, অতঃপর যখন তিনি তাকবীর দেওয়ার জন্য দাঁড়ান, তখন তাকবীর দেওয়ার আগে তাঁর মনে হয় যে, তিনি জুনুবী অবস্থায় আছেন, ফলে তিনি বাসায় যান তারপর গোসল করে আসেন এবং তাদের নিয়ে সালাত আদায় করেন। কাজেই উভয় হাদীসের মাঝে কোন রকম বৈপরীত্ব নেই।”

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬৩৯; মুসনাদ আহমাদ: ২৭৫; আবু দাউদ: ২৩৫; সহীহ মুসলিম: ৬০৫; নাসাই: ২/৮১-৮২; তাহাবী, মুশকিলুল আসার: ১/২৫৮; সুনান বাইহাকী: ২/৩৯৮; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৬২৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুল্লাহ আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২২৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91551>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন